

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 06-11-2025**

**Time: 1.40 P.M.**

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর কাজের পর্যালোচনা করতে সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস সকালে আলিপুরদুয়ারে বৈঠক করেন। ওই বৈঠকে সংশ্লিষ্ট জেলার জেলা নির্বাচনী আধিকারিক, জেলার ইলেকশনের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা শাসক, OC ইলেকশন, সমস্ত ERO, AERO সহ এই কাজের দায়িত্ব প্রাপ্ত আধিকারিকরা উপস্থিত ছিলেন। এর পর নির্বাচন কমিশনের প্রতিনিধি দল ফিল্ড ভিজিট করেন। আজই ওই প্রতিনিধি দল আলিপুরদুয়ার থেকে কোচবিহার যাবে। কোচবিহারে উৎসব অডিটোরিয়ামে দুপুর আড়াইটে থেকে সাড়ে চারটে পর্যন্ত একই রকম বৈঠক হওয়ার কথা।

-----  
মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন, তিনি নিজের হাতে BLO-র কাছ থেকে এনুমারেশন ফর্ম নিয়েছেন বলে যে খবর বেরিয়েছে, তা সম্পূর্ণ মিথ্যা, বিভ্রান্তিকর এবং উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচার।

উল্লেখ করা যেতে পারে, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার আওতায় এমনারেশন ফর্ম বিলির যে কর্মসূচী চলেছে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও গতকাল

সেই ফর্ম পেয়েছেন। প্রশাসনিক সূত্রে জানা গেছে, হরিশ মুখার্জি রোডের মিত্র ইনসিটিউশনের - ভোট কেন্দ্রের ৭৭ নম্বর বুথের - দায়িত্বপ্রাপ্ত বুথ লেভেল আধিকারিক মুখ্যমন্ত্রীর বাড়িতে গিয়ে তাঁর এবং পরিবারের সদস্যদের এমনারেশন ফর্ম দিয়ে আসেন।

---

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতৃী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় রাজ্য চলতি এসআইআর প্রতিয়ার বিরোধিতা করলেও, (এসআইআর) কর্মসূচীর এন্যুমারেশন ফর্ম পূরণে সাহায্য করতে সাধারণ মানুষের জন্য বাংলার ভোট রক্ষা প্রচার শুরু করেছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লিতে জাতীয় স্তোত্র ‘বন্দেমাতরম’-এর সার্ধশত বর্ষ পূর্তি উপলক্ষে এক বছরব্যাপী বিশেষ কর্মসূচীর সূচনা করবেন। সংস্কৃতি মন্ত্রকের পক্ষ থেকে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২০২৬-এর ৭ নভেম্বর পর্যন্ত বক্ষিম চন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই কালজয়ী সৃষ্টির ১৫০ বছর পূর্তিতে নানা অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই স্তোত্রের সঙ্গে দেশের গর্ব, ঐক্য ও স্বাধীনতা সংগ্রামের ইতিহাস জড়িয়ে। একটি প্রতিবেদন -

ভয়েসকাস্ট

---

জাতীয় স্তোত্র ‘বন্দেমাতরম’-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে নৌবাহিনীর এনসিসি ক্যাডেটরা এক বিশেষ নৌ অভিযানের আয়োজন করেছে। পশ্চিমবঙ্গ ও সিকিম এনসিসি অধিদপ্তরের ৬০ জন এনসিসি ক্যাডেট গতকাল ফরাঙ্কা থেকে জলপথে কলকাতা পর্যন্ত যাত্রা শুরু করেছেন। গঙ্গার বুকে প্রায় ২০ দিনের এই অভিযানে তাঁরা অতিক্রম করবেন ৪০০ কিলোমিটারেরও বেশি পথ।

---

৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সূচনা হবে আজ বিকেলে ধনধান্যে প্রেক্ষাগৃহে, চলবে এ মাসের ১৩ তারিখ পর্যন্ত। উপস্থিত থাকবেন শত্রুঘ্ন সিনহা, সৌরভ গাঙ্গুলী এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। উৎসবের বিশেষ অতিথি হিসেবে অংশ নেবেন পরিচালক সুজয় ঘোষ। উদ্বোধনী ছবি হিসেবে প্রদর্শিত হবে অজয় কর পরিচালিত উত্তম সুচিত্রা জুটির সপ্তপদী।

একটি প্রতিবেদন -

গগনেন্দ্র শিল্প প্রদর্শনালায় পোল্যান্ডের গ্রাফিক ডিজাইন এবং পোস্টার আর্ট শিল্পী অ্যান্ডজেজ পাগোওফ্সির চিত্র প্রদর্শনী এবারের উৎসবের বিশেষ আকর্ষণ।

---

বাঁকুড়ার সোনামুখী বিধানসভার পাত্রসায়র ব্লকের কৃষ্ণনগরে গতকাল বিজেপির যুব মোচার মন্ডল সভাপতি স্বরূপ ঘোষের বাড়িতে হামলার অভিযোগ উঠেছে। স্বরূপকে বাড়িতে না পেয়ে স্ত্রী, বাবা-মা সহ পরিবারের অন্যান্য সদস্যদের ওপর তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতির নেতৃত্বে এই হামলা চালানো হয় বলে অভিযোগ।

---